

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.০৫.২০১৮- ২৬৮

তারিখঃ ২৫ মাঘ ১৪২৪
০৭ ফেব্রুয়ারি ২০১৮

বিষয় : রীট পিটিশন নং-১২৯/২০১৮, [পিটিশনার জনাব আব্দুল আওয়াল, পিতা-কুদরত আলি, গ্রাম-নয়নপুর পেপসি গেট, পোস্ট-
রাজেন্দ্রপুর ক্যান্টঃ থানা-গাজীপুর সদর জেলা- গাজীপুর - বনাম - সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ
প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১৪.০১.২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ০৮.০১.২০১৮ তারিখের
আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, গাজীপুর সদর উপজেলাধীন মির্জাপুর ইউনিয়ন বিভক্তিকরণ সম্পর্কিত সীমানা
নির্ধারণ ও গেজেট সংশোধনের দাবীতে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৭ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে।
হাইকোর্ট বিভাগ শুনানী অন্তঃ পিটিশনারের এলাকা তথা গাজীপুর সদর উপজেলার বারইপাড়া মৌজার রেললাইন হতে ১.৫ কি.মি. পূর্বে
অবস্থিত এলাকার নাগরিকদের ভাওয়ালগড় ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিক সেবাদি প্রদানের জন্য প্রতিপক্ষকে কেন আদেশ দেয়া হবে না
সে মর্মে রুল ইস্যু পূর্বক কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত পিটিশনারের ৭.১২.২০১৭ এবং ১৪.১২.২০১৭ তারিখের
আবেদন আদেশের তারিখ থেকে পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তির আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিবন্ধিতার লক্ষনে
সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২ : এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of
Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের
জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব
তার দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : কলের কপি।

(ড. সৈয়দা নওশীন পর্নিটা)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: dsiaw1.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
গাজীপুর

স্বাক্ষরিতঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্বাক্ষরিতঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্বাক্ষরিতঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্বাক্ষরিতঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্বাক্ষরিতঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়